



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

“রাকাব এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন”

ঋণ/অবি-১ সার্কুলার লেটার নং-০৪/২০১৮

তারিখ : ৩১.০৭.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক
সহকারী মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : ব্যাংক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর গত ১০.১০.২০১৭ তারিখের সার্কুলার নং ০৮/২০১৭ এর প্রতি সংশ্লিষ্ট সকলের
দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সুত্রোক্ত সার্কুলারে ব্যাংক ঋণের বিপরীতে প্রস্তাবিত জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণের ক্ষেত্রে সুস্পষ্ট দিক-নির্দেশনা দেয়া
আছে। বিশেষ করে প্রস্তাবিত জামানতি সম্পত্তি সরেজমিনে পরিদর্শন করে এর প্রকৃতি, গ্রহণযোগ্যতা, সম্ভাব্য ঝুঁকি, বাজার মূল্য
ইত্যাদি সম্পর্কে নিশ্চিত হওয়ার বিধান রয়েছে। প্রয়োজ্য ক্ষেত্রে নির্দিষ্ট কমিটি কর্তৃক জামানতি সম্পত্তি মূল্যায়নের নিয়ম
রয়েছে। জোনাল কার্যালয়, বিভাগীয় কার্যালয় এবং প্রধান কার্যালয় পর্যায়ে মঞ্জুরিযোগ্য ঋণের ক্ষেত্রে জামানতমূল্য জোনাল
ব্যবস্থাপক/বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক প্রতিস্বাক্ষরের নির্দেশনা রয়েছে। এছাড়াও জামানতি সম্পত্তির মূল্য বিষয়ে কোন
সংশয় সৃষ্টি হলে মঞ্জুরকারি কর্তৃপক্ষকে তা সরেজমিনে দেখে নিশ্চিত হওয়ার পরামর্শ দেয়া হয়েছে। এরপরও মাঠ পর্যায়ে ঋণ
প্রক্রিয়াকরণের সময় জামানতি সম্পত্তির বিচার বিশ্লেষণ না করে মনগড়া বাজার মূল্য ধরা হচ্ছে। এতে জামানতি সম্পত্তির অতি
মূল্যায়ন হচ্ছে, যা কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের ত্রুটিপূর্ণ মূল্যায়নের ফলে ঋণ প্রক্রিয়ায় বিশেষ করে বড় বড় ঋণের
ক্ষেত্রে জামানত ঝুঁকি সৃষ্টি হচ্ছে।

০৩। এ বিষয়ে গত ০৯.০৭.২০১৮ তারিখে অনুষ্ঠিত Senior Management Team (SMT) এর ১৩তম সভায় একটি
সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে কমিটি নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেন :

সিদ্ধান্ত ২(খ) : “জামানতি সম্পত্তির বাস্তবসম্মত সঠিক মূল্য ধরে ঋণ প্রক্রিয়াকরণ করতে হবে। জামানতি সম্পত্তির
অতি মূল্যায়ন পরিলক্ষিত হলে, অতি মূল্যায়নের কারণে ঋণের অর্থ আদায়ে কোন প্রকার
অনিশ্চয়তা দেখা দিলে দায়ী কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।”

০৪। এমতপ্রেক্ষিতে ঋণের বিপরীতে প্রস্তাবিত জামানতি সম্পত্তি মূল্যায়নের ক্ষেত্রে কোন অবস্থাতেই যেন অতি মূল্যায়ন বা
অবমূল্যায়ন না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। এখন থেকে কোন ঋণের বিপরীতে প্রস্তাবিত জামানতি
সম্পত্তির অতি মূল্যায়ন পরিলক্ষিত হলে এবং এ কারণে ঋণের অর্থ আদায়ে অনিশ্চয়তা দেখা দিলে বা জামানত শূন্যতা সৃষ্টি
হলে দায়ী কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত

৩১.০৭.২০১৭

(জগন্নাথ ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋণ/অবি-১/৪৪/২০১৮-২০১৯/৯০(৪৪৫)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি/ মহানথি।

(মোঃ আব্দুল ওয়াহাব)

সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
ঋণ ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডায়েরী নং:
তারিখ:
ক্রমিক নং: